

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-১৪২-আইন/২০২৩/২১৯-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৮১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৩-আইন/২০১৯/৪০-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত “দাখিলপত্র” শীর্ষক মডিউলের বিপরীতে ‘ক্রমিক নং’ (৫), (১১) ও (১২) তে উল্লিখিত ‘সময় বৃদ্ধির আবেদন বিবেচনা’, ‘দায় বৃদ্ধি সংক্রান্ত সংশোধিত রিটার্ন অনুমোদন’ ও ‘দায় হ্রাস সংক্রান্ত সংশোধিত রিটার্ন অনুমোদন’ কার্যাবলী এবং তদ্বিপরীতে কলাম (৪), (৫) ও (৬) এ উল্লিখিত এন্ডিসমূহ বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী রেজাউল হাসান)
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)